দৈনিক সংবাদ

তারিখ ... 1 AUG 1990 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭ ...

20

## বাংলাদেশ-ভারত সাংস্কৃতিক ও শিক্ষা বিনিময় কর্মসূচী সই

নয়াদিল্লী, ৩১শে জুলাই (বাসস)।– আজ এখানে বাংলাদেশ ও ভারতের মধ্যে ১৯৯০-১৯৯১ ও ১৯৯২ সালের জন্য সংস্কৃতি ও শিক্ষাক্ষেত্রে বিনিময় কর্মসূচী স্বাক্ষরিত হয়েছে।

21

## থিয়েটার স্কুল উদ্বোধন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

গতকাল (শুক্রবার) গাইড হাউস মিলনায়তনে থিয়েটার স্কুলের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞা স্কুলের উদ্বোধনকালে বলেন, সমাজের সর্বত্র হতাশা ও নৈরাজ্য বিরাজ করিতেছে। সুস্থ সমাজ প্রগতির পক্ষে কাজ করার জন্য তিনি নাট্যকর্মীদেরকে আহ্বান জানান।

থিয়েটার স্কুলের অধ্যক্ষ প্রফেসর কবীর চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে ডঃ নীলিমা ইব্রাহিম, ডঃ আনিসুজ্জামান, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জামিল চৌধুরী, সাপ্তাহিক পূর্বাণীর সম্পাদক খোন্দকার শাহাদাৎ হোসেন, সাংবাদিক আজিজ মিশির, অভিনেতা আলী যাকের, নাসির উদ্দিন ইউসুফ ও আবদুল্লাহ আল মামুন বক্তৃতা করেন। উল্লেখ্য, থিয়েটার স্কুলে এক বছর মেয়াদী সার্টিফিকেট কোর্সে ৭০ জন ছাত্র-ছাত্রী ভর্তি হইয়াছে।